

নেত্রকোনায় শূন্যপদ : প্রধান শিক্ষক ১৫৫, সহকারী ৫৪১টি

৩ নভেম্বর ২০১৯ ০০:০০

আপডেট: ২ নভেম্বর ২০১৯ ২৩:৩০



বাংলাদেশ
আমাদেশ মামলা

নেত্রকোনা জেলায় দীর্ঘদিন ধরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৫৫টি প্রধান শিক্ষক ও ৫৪১টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। জেলায় প্রধান শিক্ষকের মোট পদ ১ হাজার ২৭৮টি। এ ছাড়া সহকারী শিক্ষক পদে রাজস্ব খাতভুক্ত শূন্য পদ (চলতি দায়িত্ব প্রদানজনিত শূন্য বাদে) ২০৮টি, প্রাক-প্রাথমিক শিক্ষকের জন্য সৃষ্টি শূন্য পদ ৪৪টি ও চলতি দায়িত্ব প্রদানজনিত শূন্য পদ ২৮৯টি। নেত্রকোনা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. ওবায়দুল্লাহ জানান, এসব শূন্য পদ পূরণে সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে। যে নেত্রকোনা প্রতিনিধি

advertisement